গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০৩.০০১.২০২১/ ৮৭৭(৮)      তারিখঃ ২৮/১২/২০২২ খ্রিঃ।

**বিষয়: আমদানিতব্য পণ্যের 'অগ্রিম রুলিং' সংক্রান্ত সভা আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ে প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন অংশীজনদের নিকট হতে পণ্যের অগ্রিম রুলিং বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করার প্রয়োজনে আগামী ০৫/০১/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৫৩৪) একটি সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় আলোচ্যসূচি নিম্নরূপ:

১. Smart Distribution (Pvt.) Ltd.কর্তৃক আমদানিতব্য "Moussy Non Alcoholic Malt Beverage" নামক পণ্যের অগ্রিম রুলিং এর জন্য সঠিক H.S Code নির্ধারণ;
২. Friend International কর্তৃক আমদানিতব্য "Acrylic Polymer in Primary Form" নামক পণ্যের অগ্রিম রুলিং এর জন্য সঠিক H.S Code নির্ধারণ;
৩. North End (Pvt.) Ltd. কর্তৃক আমদানিতব্য "Professional Coffee Grinder" নামক পণ্যের অগ্রিম রুলিং এর জন্য সঠিক H.S Code নির্ধারণ;
৪. FloWater Solutions Ltd. কর্তৃক আমদানিতব্য "FRP Vessel", "Tube Settler Media" & "MBBR Media" নামক পণ্যের অগ্রিম রুলিং এর জন্য সঠিক H.S Code নির্ধারণ;
৫. ACI Godrej Agrovet Private Ltd. কর্তৃক আমদানিতব্য "AG LIPIDS MGL-8 (Vegetable Fat)" নামক পণ্যের অগ্রিম রুলিং এর জন্য সঠিক H.S Code নির্ধারণ;

০২। উল্লেখ্য যে, এই সকল পণ্য সংক্রান্ত মতামত জানতে চেয়ে সংশ্লিষ্ট কাস্টম হাউস সমূহে ইতোপূর্বে প্রেরিত এ দপ্তরের পত্রের বিপরীতে কিছু কিছু মতামত এখনও পর্যন্ত পাওয়া যায়নি। জরুরী ভিত্তিতে উক্ত মতামতসমূহ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া উক্ত সভায় অংশগ্রহণের নিমিত্ত উপযুক্ত পর্যায়ের একজন কর্মকর্তা মনোনয়ন প্রদান পূর্বক সভার তারিখের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য জানানো হলো।

০৩। উক্ত সভায় সংশ্লিষ্ট আইন, বিসিটি, এক্সপ্লানেটোরি নোটস প্রভৃতির আলোকে তাঁর দপ্তরের মতামত ও প্রয়োজনীয় প্রস্তুতিসহ (প্রযোজ্য ক্ষেত্রে নমুনাসহ) যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/১২/২২
(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১-০৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম / আইসিডি (কমলাপুর)/ বেনাপোল/ মোংলা/ পানগাঁও [তাঁকে তাঁর দপ্তরের লিখিত মতামতসহ একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]। (ন্যূনতম যুগ্ম কমিশনার পদমর্যাদার কর্মকর্তা)।

০৭। ব্যবস্থাপনা পরিচালক, Smart Distribution (Pvt.) Ltd., 129 New Eskaton Road, Ramna, Dhaka.

০৮। ব্যবস্থাপনা পরিচালক, Friend International, Abid Poribar, Police Line, Fatullah, Narayanganj.

০৯। ব্যবস্থাপনা পরিচালক, North End (Pvt.) Ltd., Kha-47-1, Pragati Sharani, Shahjadpur, Gulshan, Dhaka.

১০। ব্যবস্থাপনা পরিচালক, FloWater Solutions Ltd., Unit 3B, Plot 4B, Road 62, Gulshan 2, Dhaka-1212.

১১। ব্যবস্থাপনা পরিচালক ACI Godrej Agrovet Private Ltd., 245, Tejgaon Industrial Area, Dhaka.

১২। দ্বিতীয় সচিব, বোর্ড প্রশাসন-৩, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [তাঁকে ২০ (বিশ) জনের আপ্যায়নের ব্যবস্থাসহ সভার কক্ষ প্রস্তুত রাখার অনুরোধ করা হলো]।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

০৩। প্রথম সচিব (কাস্টমস: নীতি/কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।